

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদ্রাসা শাখা-১  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং-৫৭.০০.০০০০.০৭৫.০১১.১১.১৯.৬৫

তারিখঃ

১০ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ  
২৪ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ০৪টি শূন্য পদের ছাড়পত্র প্রদান সংক্রান্ত।

সূত্রঃ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.৪২.০০১.১৮.৪০, তারিখ-০৮/০৩/২০২০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ০৪টি পদের [সহকারী প্রোগ্রামার-১টি, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর-১টি, ডাটা এন্ট্রি অপারেটর-২টি] ছাড়পত্র নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলো।

শর্তসমূহঃ

- (ক) উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রীট/মামলা বিচারাধীন থাকে কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে আদালতে নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- (খ) প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যা কোন গড়মিল থাকার কারণে যদি কোন পদে অতিরিক্ত লোক নিয়োগ পায় সে ক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবেন। ছাড়পত্র আদেশ প্রাপ্তির পর জারিকৃত ছাড়পত্রের সত্যতা সম্পর্কে আবশ্যিকভাবে এ বিভাগের মাদ্রাসা-১ শাখায় যোগাযোগ করে সম্পূর্ণ নিশ্চিত হয়ে পদপূরণ করতে হবে; ছাড়পত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত না হয়ে পদ পূরণ করার ফলে কোন জটিলতার সৃষ্টি হলে সে ক্ষেত্রে প্রস্তাব প্রদানকারী দায়ী থাকবেন;
- (গ) অর্গানোগ্রাম ও পদসৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী অনুমোদিত প্রবিধানমালা অনুসরণপূর্বক প্রতি শ্রেণির পদের বিপরীতে মঞ্জুরীকৃত পদসংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০/০৫/১৯৯৯ তারিখের সম (এসপি)-৫৮/৯৯-২১০ নং পরিপত্রের ৩ (খ) অনুচ্ছেদ অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক পূরণকৃত পদের ক্ষেত্রে এ ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ০১ (এক) বৎসর। উক্ত পরিপত্রের ৩ (ঘ) অনুযায়ী ছাড়পত্রের মেয়াদের মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;
- (ঙ) ছাড়কৃত পদগুলি পূরণ করার ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি, শূন্যপদ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- (চ) ছাড়কৃত পদসমূহ পূরণ করার ১৫ দিনের মধ্যে এ বিভাগ-কে অবহিত করতে হবে;
- (ছ) কোন অবস্থাতেই সরাসরি নিয়োগযোগ্য পদে পদোন্নতি দেয়া যাবে না।



(এ.কে.এম. লুৎফর রহমান)

সিনিয়র সহকারী সচিব (মাদ্রাসা-১)

ফোনঃ ৯৫৭৭৪২৪

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,

ঢাকা-১০০০।

অনুলিপিঃ

১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. অফিস কপি।